

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১২ মার্চ ২০২৪ খ্রি.

ভূ-গর্ভে যাচ্ছে চট্টগ্রামের ঝুলন্ত তার

৬ মাসের মধ্যে ভূ-গর্ভে যাচ্ছে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৩ ওয়ার্ডের ঝুলন্ত ডিশ-ইন্টারনেটের তার। ওয়ার্ড তিনটি হল লালখান বাজার, জামালখান ও বাগমনিরাম।

মঙ্গলবার টাইগারপাসস্থ চসিক কার্যালয়ে চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরীর উপস্থিতিতে চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তোহিদুল ইসলাম এবং সামিট কমিউনিকেশন লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক আরিফ আল ইসলাম এ সংক্রান্ত একটি চুক্তি স্বাক্ষর করেন।

এসময় মেয়র জানান, প্রধানমন্ত্রীর ঘোষিত স্মার্ট বাংলাদেশ রূপকল্প বাস্তবায়নে স্মার্ট চট্টগ্রাম গড়ার লক্ষ্যে আমাদের এ উদ্যোগ। আজ চট্টগ্রামে এক নতুন যুগের সূচনা হল। সিটি কর্পোরেশনের তত্ত্বাবধানে ডিশ, ইন্টারনেট সংযোগ ক্যাবল ব্যবস্থাপনা হলে বৈদ্যুতিক পিলারে দুর্ঘটনা কমবে, শহরের সৌন্দর্য বাড়বে। আবার তার কাটা ও চুরি রোধ হওয়ায় ব্যবসায়ীরাও লাভবান হবে।

“বাণিজ্যিক নগরী হিসেবে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে চট্টগ্রামের যে গুরুত্ব আছে তা ম্লান হয়ে যাচ্ছে তারের জঞ্জলের জন্য। নগরীর সৌন্দর্য ও নিরাপত্তার স্বার্থে শৃঙ্খলা প্রতিষ্ঠার মাধ্যমে তারের জঞ্জল অপসারণ করতে চাই। আগামী ৬ মাসের মধ্যে

প্রাথমিকভাবে তিনি ওয়ার্ডের ঝুলন্ত ডিশ-ইন্টারনেটের তার ভূ-গর্ভে নিব আমরা। এরপর তিনি ওয়ার্ডের অভিজ্ঞতা কাজে লাগিয়ে পুরো

নগরীর ডিশ-ইন্টারনেটের তার ভূ-গর্ভে নিব আমরা।”

চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে সামিট কমিউনিকেশন লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক আরিফ আল ইসলাম বলেন, ড্রেনেজ এবং স্থানারেজ সিস্টেমকে কাজে লাগিয়ে ডাঙ্গিং করে আমরা জলনিরোধক ফাইবার অপটিক অবকাঠামো গড়ে তুলব। ‘ফাইবার টু দ্য হোম’ প্রযুক্তি কাজে লাগিয়ে মূল সড়ক থেকে অলি-গলি এবং সেখান থেকে প্রতিটি বাড়িতে সংযোগ দেয়া হবে।

“আমাদের প্রযুক্তিগত সক্ষমতার কারণে কোন আইএসপি যত ইচ্ছা গতির সংযোগ গ্রহণ করতে পারবে। সেবা প্রদানে কোন ধরনের বাধা সৃষ্টি হবেনা। এছাড়া, আগামী ৫ বছরের মধ্যে ডিশ ব্যবসায়ী প্রতিষ্ঠানের ডিজিটাল ডিশ ক্যাবল চালু করবে এ বিষয়টি মাথায় রাখব আমরা।”

চুক্তিস্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্যানেল মেয়র গিয়াস উদ্দিন, আফরোজা কালাম, কাউন্সিলর আবুল হাসনাত মো. বেলাল, শৈবাল দাশ সুমন, প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা লতিফুল হক কাজমি, মেয়রের একান্ত সচিব আবুল হাশেম, সামিট কমিউনিকেশন লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক আরিফ আল ইসলাম, বোর্ড ডিরেক্টর ফাদিয়া খানসহ চসিক ও সামিট কমিউনিকেশন লিমিটেডের কর্মকর্তারা।

রোজাদারদের জন্য মাসব্যাপী ইফতারের আয়োজন করলেন চসিক মেয়র রেজাউল

অবশ্যিল ও পথচারী রোজাদারদের জন্য মাসব্যাপী ইফতারের আয়োজন করেছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র (প্রতিমন্ত্রী) বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

মঙ্গলবারবার নগরীর লালদীঘিস্থ মাহবুব উল আলম চৌধুরী চট্টগ্রাম সিটি করপোরেশন পাবলিক লাইব্রেরিতে মেয়রের সাথে ইফতারি গ্রহণ করেন বিভিন্ন শ্রেণি-পেশার শতাধিক মানুষ, কাউন্সিলরবৃন্দ ও চসিকের বিভাগ ও শাখাপ্রধানবৃন্দ। এসময় নাগরিকরা বিনামূল্যে ইফতারের এ আয়োজন করায় মেয়রকে সাধুবাদ জানান।

মহত্ব এ উদ্যোগ সম্পর্কে মেয়র বলেন, রোজার মূল শিক্ষা আত্মত্যাগ এবং অসহায়দের সাহায্য। সাধারণ পথচারীরা বিশেষ করে গৃহহীন, এতিম ও হতদরিদ্রীয়া যাতে সহজে ইফতার করতে পারে তার জন্য এই মাসব্যাপী আয়োজন। ইতোমধ্যে বিভিন্ন সামাজিক সংগঠনকে সাথে নিয়ে হাজারো মানুষের হাতে ইফতার সামগ্রী ও সেহেরি পৌছে দিয়েছি। আর্থিকভাবে পিছিয়ে থাকা রোজাদারদের সহায়তায় এগিয়ে আসতে সমাজের বিভিন্ন শ্রেণিকে আহ্বান জানাচ্ছি।

মহত্ব এ আয়োজনের সার্বিক তত্ত্বাবধান করছেন ৩২ নং আন্দরাকিল্লা ওয়ার্ডের কাউন্সিলর জহর লাল হাজারী। এসময় উপস্থিত ছিলেন কাউন্সিলর মোঃ নূরুল আলম মিয়া, চট্টগ্রাম প্রেস ক্লাবের সিনিয়র সহ সভাপতি ফরিদ উদ্দিন চৌধুরী, নেছার আহমেদ, ইফতেখার কামাল খান। ইফতারে মোনাজাত পরিচালনা করেন মওলানা হারুনুর রশীদ চৌধুরী।

চসিকের ভ্রাম্যমাণ আদালত পরিচালিত রাস্তা ও ফুটপাত দখল করায় ১০ ব্যক্তিকে ৮৭ হাজার টাকা জরিমানা

রাস্তা ও ফুটপাত দখল করায় ১০ ব্যক্তিকে ৮৭ হাজার টাকা জরিমানা করেছে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নির্বাহী ম্যাজিস্ট্রেট চৈতী সর্ববিদ্যা। মঙ্গলবার অভিযান কালে নগরীর আরাকান সড়কের বাহির সিগন্যাল, কাঞ্চাই রাস্তার মাথা ও কাজীর হাট এলাকায় রাস্তা ও ফুটপাত অবৈধভাবে দখল করে দোকানের অংশ বর্ষিত করা এবং মালামাল রেখে চলাচলে প্রতিবন্ধকতা করে জনদুর্ভেগ সৃষ্টির দায়ে ১০ ব্যক্তির বিরুদ্ধে মামলা রংজু পূর্বক ৮৭ হাজার টাকা জরিমানা করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮